

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### চট্টগ্রাম

www.ccc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

২০ জানুয়ারি ২০২২ খ্রি.

মেয়রের সাথে জাইকার সিটি গভর্নেন্স প্রকল্প পরিচালকের সাক্ষাৎ  
জাইকার অর্থাৎ বাস্তবায়িত প্রকল্পগুলোর  
গুণগত মান রক্ষা করে নির্ধারিত সময়ে সম্পন্ন করার তাগিদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জাইকা নগরীর অনেকগুলো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে। যে সকল প্রকল্প চলমান রয়েছে সেগুলো দ্রুত সম্পন্ন করাসহ নগরীর পরিবেশ সুরক্ষা, জলাবদ্ধতা নিরসনে জাইকার আরো সহযোগিতা কামনা করেন মেয়র। আজ বৃহস্পতিবার বিকেলে জাইকার সিটি গভর্নেন্স প্রকল্পের পরিচালক মো. গোলাম মোস্তফার নেতৃত্বে একটি প্রতিনিধি দল সিটি মেয়রের কার্যালয়ে তাঁর সাথে সাক্ষাৎ করতে এলে তিনি একথা বলেন।

এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, মনিরুল হুদা, নির্বাহী প্রকৌশলী বিপ্লব বড়ুয়া, ফরহাদুল আমল, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জাইকার প্রকল্প পরিচালক মো. গোলাম মোস্তফা সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী কে জানান জাইকার অর্থাৎ নগরীর সে সমস্ত প্রকল্প বাস্তবায়িত হচ্ছে সেগুলোর গুণগতমান অক্ষুণ্ণ রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করতে সচেষ্ট আছে। তিনি সিটি মেয়রের ইচ্ছা অনুযায়ী নতুন নতুন উন্নয়ন প্রকল্পে জাইকার অর্থাৎ কাজ করে যাবেন বলে মত ব্যক্ত করেন।

### সৃজনশীল পুস্তক পাঠের মাধ্যমে বিকাশ ঘাটে মেধা-মনন উন্নত ব্যক্তিত্বের : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, যারা পুস্তক প্রকাশনা করেন তারা সমাজের আলোকবর্তিকা। কালো অক্ষরের সাথে সাথে শব্দ বিন্যাসে তালে তালে অসীম অভিজ্ঞ কল্পনা ও আকৃতি ফুটে উঠে সাদাজমিনে, এর নামই পুস্তক। এধরণের মহৎ কাজে যারা সংশ্লিষ্ট তারা সমাজের শ্রেষ্ঠ কর্মটি সম্পাদন করে। বই মানুষকে সৃষ্টিশীল ও আনন্দপ্রিয় করে তোলে। সৃজনশীল পুস্তক পাঠের মাধ্যমে বিকাশ ঘাটে মেধা-মনন উন্নত ব্যক্তিত্বের। জানা যায় সভ্যতা ও সংস্কৃতি সম্পর্কে। গতকাল বৃহবার সন্ধ্যায় টাইগারপাসহ অস্থায়ী নগর ভবনে তাঁর দপ্তরে চট্টগ্রাম সৃজনশীল প্রকাশনা পরিষদের নব-নির্বাচিত পরিষদের নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎকালে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের নব নির্বাচিত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মহিউদ্দিন শাহ আলম নিপু, সিনিয়র সহ-সভাপতি রেহেনা চৌধুরী, সহ-সভাপতি মিজানুর রহমান শামীম, সাধারণ সম্পাদক আলী প্রয়াস, সিনিয়র সহ-সম্পাদক মো. আলমগীর শিপন, সহ-সাধারণ সম্পাদক অধ্যাপক গোফরান উদ্দীন টিটু, প্রচার ও দপ্তর সম্পাদক আনিসুল ইসলাম সুজন, অর্থ সম্পাদক মো. সোহেল রানা প্রমুখ।

মেয়র আরো বলেন, অতীতে নগরীতে বইমেলা অনেক সূনামের সাথে অনুষ্ঠিত হয়েছে। বিগত দুই বছর করোনা মহামারির কারণে মেলা আয়োজন করা সম্ভব হয়নি। গতবছরও বাঁকজমক পূর্ণভাবে এ মেলা আয়োজনের ব্যবস্থা করা হলেও করোনার সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় মেলা আয়োজক কমিটি বাধ্য হয়ে স্থগিত করে। এবছরও মেলা আয়োজন কমিটি সার্বিক প্রস্তুতি নিয়েছে তবে সরকারি স্বাস্থ্য বিভাগ কি নির্দেশনা দেয় সে অপেক্ষায় থাকতে হবে। তবুও আমরা গতবার যাদের মাধ্যমে মেলা আয়োজন করা হয়েছিলো তাদের মতামতের উপর ভিত্তি করে পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি নব-নির্বাচিত কার্যকরী পরিষদের সদস্যদের অভিনন্দন এবং তাদেরকে একুশে বইমেলা অনুষ্ঠানে সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান।

### চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ১৮ব্যবসায়ী থেকে ৮০ হাজার টাকা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এর নেতৃত্বে পাঠানটুলি রোড ও আশকারদিঘী এলাকায় বকেয়া ট্রেড লাইসেন্স ফি আদায় অভিযানে ১৮টি বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ তৎক্ষণিকভাবে ৮০ হাজার ৬শত টাকা আদায় করা হয়। অপর এক অভিযানে ট্রেড লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হওয়ায় ও কর্তৃকুলী মার্কেটে নিষেধাজ্ঞা সত্ত্বেও পলিথিন ব্যাগে পণ্য বিক্রির দায়ে ১৪ ব্যবসায়ীকে বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪হাজার ৫শত টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

#### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩